



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
০৭ নং ঘোড়াধাপ ইউনিয়ন পরিষদ কার্যালয়  
ডাকঘর : ঘোড়াধাপ, উপজেলা : জামালপুর সদর, জেলা : জামালপুর।  
Email- ghoradap.up@gmail.com, http://ghoradapup.jamalpur.gov.bd

## ইউনিয়ন উন্নয়ন সমন্বয় কমিটির সভার কার্য বিবরণীঃ


সভাপতি- মোঃ দ্বীন আমিন, পদবী- ইউ,পি চেয়ারম্যান।

সভার স্থান- ইউ,পি অফিস, সভার তারিখ- ১৭-০৭-২০২০ খ্রিঃ, সময়- সকাল ১১.০০ ঘটিকা।

### সভায় উপস্থিত সদস্যবৃন্দ-হাজিরা সংযুক্ত

ক্রঃ নং	আলোচ্য বিষয় ও আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
০১	গত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন :- অধ্যকার সভা জনাব মোঃ দ্বীন আমিন ইউ,পি চেয়ারম্যান সাহেবের সভাপতিত্বে শুরু করা হলো। সভায় গত সভার কার্য বিবরণী পাঠ করে শুনানো হল।	কোন প্রকার সংশোধনী না থাকায় তা সর্ব সম্মতিক্রমে দৃঢ়করণ করা হল।	কমিটির সদস্যবৃন্দ।
০২	২০১৯-২০২০ইং অর্থ বছরের উন্নয়ন প্রকল্প নিয়ে আলোচনা :- সভাপতি সাহেবের অনুমতিক্রমে ইউ,পি সচিব সাহেব ২০১৯-২০২০ইং অর্থ বছরে এলজিএসপি-৩, এডিপি, টিআর, কাবিখা, কাবিটা, ইজিপিপি-র বরাদ্দকৃত অর্থ দিয়ে যে সকল উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন করা হয়েছে এবং বাস্তবায়্যধীন আছে সে সকল প্রকল্পের তালিকা সভায় উপস্থাপন করেন। উপস্থাপিত প্রকল্প গুলো নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।	প্রকল্প গুলো সঠিক সময়ে সঠিক ভাবে শতভাগ বাস্তবায়ন করায় ইউ,পি চেয়ারম্যান সাহেবকে ধন্যবাদ দেয়া হয় এবং বাস্তবায়্যধীন প্রকল্প গুলো যথা সময়ে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।	ইউনিয়ন পরিষদ ও উপজেলা পরিষদ।
০৩	কৃষি : সভায় উপসহকারী কৃষি কর্মকর্তা জনাব মোঃ আলআমীন সাহেব কৃষি বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। চলতি রবিমৌসুমে কৃষকদের মাঝে সরিষা ও গম বীজ এবং সার বিতরণ করা হয়েছে। কৃষি বিষয়ে প্রশিক্ষণ দেয়ার জন্য ২০২০-২০২১ইং অর্থ বছরে ০১টি প্রকল্প গ্রহণ করার প্রস্তাব করেন। উক্ত প্রস্তাবের উপর সভায় বিস্তারিত আলোচনা করা হয়।	০৯টি ওয়ার্ডে (প্রতি ওয়ার্ডে ১০০ জন) ৯০০ জন কৃষককে কৃষি বিষয়ে ২,০০,০০০/- টাকা বরাদ্দ রেখে ২০২০-২১ অর্থ বছরে প্রকল্প গ্রহণ করা হবে।	ইউনিয়ন পরিষদ ও উপজেলা কৃষি অফিস।
০৪	স্বাস্থ্য : সভায় সহকারী স্বাস্থ্য পরিদর্শক মোছাঃ শামছুল্লাহার স্বাস্থ্য বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। সকলের সার্বিক সহযোগিতায় স্বাস্থ্য বিভাগের কাজকর্ম সঠিক ভাবে সম্পন্ন হচ্ছে। স্বাস্থ্য কর্মীগণ বাড়ী বাড়ী গিয়ে মা ও শিশুদের সেবা দিয়ে যাচ্ছে। কমিউনিটি ক্লিনিকের (সিসি) মাধ্যমে মা ও শিশুদের সেবা দেয়া হচ্ছে। তিনি কমিউনিটি ক্লিনিকগুলোর বাউন্ডারী ওয়াল করার প্রস্তাব করেন। উক্ত প্রস্তাবের উপর সভায় বিস্তারিত আলোচনা করা হয়।	২০২০-২১ অর্থ বছরে কমপক্ষে ০২টি কমিউনিটি ক্লিনিকের বাউন্ডারী ওয়াল নির্মাণ করার প্রকল্প গ্রহণ করা হবে।	ইউনিয়ন পরিষদ।
০৫	পরিবার পরিকল্পনা : সভায় উপসহকারী কমিউনিটি মেডিক্যাল অফিসার পরিবার পরিকল্পনা বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। সকলের সার্বিক সহযোগিতায় পরিবার পরিকল্পনা বিভাগের কাজকর্ম সঠিক ভাবে সম্পন্ন হচ্ছে। পরিবার পরিকল্পনা কর্মীগণ বাড়ী বাড়ী গিয়ে মা ও শিশুদের সেবা দিয়ে যাচ্ছে। তিনি ঘোড়াধাপ পরিবার কল্যাণ কেন্দ্রে রোগীদের বসার জন্য আসবাবপত্র সরবরাহের প্রস্তাব করেন। উক্ত প্রস্তাবের উপর সভায় বিস্তারিত আলোচনা করা হয়।	২০২০-২১ অর্থ বছরে ঘোড়াধাপ পরিবার কল্যাণ কেন্দ্রে রোগীদের বসার জন্য আসবাবপত্র সরবরাহের প্রকল্প গ্রহণ করা হবে।	ইউনিয়ন পরিষদ।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সাহেব সকলকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
ধন্যবাদান্তে

মোঃ দ্বীন আমিন  
চেয়ারম্যান  
০৭ নং ঘোড়াধাপ ইউনিয়ন পরিষদ  
উপজেলা: জামালপুর সদর, জামালপুর